প্রিয় অভিভাবক

আসসালামু আলাইকুম

আশা করছি পরিবারের সকলকে নিয়ে আপনাদের সকলে ভালো আছেন। আমরা মার্কিন যুক্তরাষ্ট্র ভিত্তিক একটি দাতা সংস্থা প্রজেক্টস ফর হিউম্যানিটি'র অর্থায়নে পরিচালিত **ক্রিয়েটিং চ্যাম্পিয়ন্স** প্রকল্পটি আপনাদের সাথে শেয়ার করতে চাই। আপনাদের অবগতির জন্য জানাচ্ছি যে, প্রজেক্টস ফর হিউস্যানিটি বিশ্বব্যাপী সুবিধাবঞ্চিত মানুষদের সহযোগিতার মাধ্যমে সমাজের মূল স্রোতধারায় নিয়ে আসার প্রচেষ্টায় কাজ করছে। এরই অংশ হিসেবে প্রতিষ্ঠানটি বাংলাদেশে একটি টেকসই সমাজ বিনির্মানে দেশের বিভিন্ন প্রান্তে ছড়িয়ে-ছিটিয়ে থাকা দরিদ্র্য ও মেধাবী শিক্ষার্থীদের গুনগত শিক্ষা প্রদানের লক্ষ্যে একটি প্রকল্প হাতে নিয়েছে।

প্রজেক্টস ফর হিউম্যানিটি বিশ্বাস করে, বাংলাদেশে সুবিধাবঞ্চিত ও দরিদ্র্য মানুষদের ঘরে এমন অনেক শিক্ষার্থী রয়েছে, যারা যথাযথ দিক-নির্দেশনা, ভালো শিক্ষা প্রতিষ্ঠান, পুষ্টিকর খাদ্য ও মানসম্মত শিক্ষকদের তত্ত্বাবধান পেলে সর্বোচ্চ ভালো ফলাফলের পাশাপাশি পেশাগত সফলতার চূড়ায় পৌছাতে পারবে। প্রতিষ্ঠানটি মনে করে প্রাইমারী ও হাই স্কুল লেভেলে শিক্ষার্থী হিসেবে অনেকে ভালো থাকার পরেও পারিবারিক ও অর্থনৈতিক সমস্যার কারণে তাদের পড়ালেখা ছেড়ে দিতে হয়েছে অথবা ভালো প্রতিষ্ঠানে ভর্তি হতে পারে নাই। অথচ মেধার দিক থেকে তাদের চেয়ে দূর্বল অনেকে আর্থিক স্বচ্ছলতা ব্যবহার করে ভালো শিক্ষাপ্রতিষ্ঠানে ভর্তির মাধ্যমে নিজেদের জীবনকে সফল করেছে।

প্রজেক্টস ফর হিউম্যানিটি দৃঢ়ভাবে বিশ্বাস করে যে, সমাজে যারা অসহায়, দরিদ্র্য ও সুবিধাবঞ্চিত আছেন তাদের পরিবারের একটি সন্তানও যদি যথাযথভাবে শিক্ষার আলো পায়, সে শুধু ঐ পরিবার নয় বরং একটি জেনারেশনকে বদলে দিতে পারে। তার নিজের পারিপার্শ্বিকতা ও সমাজকে ইতিবাচক ধারায় প্রবাহিত করতে পারে। এমন চিন্তার পাশাপাশি সমাজের প্রতি দায়বদ্ধতার অংশ হিসেবে প্রতিষ্ঠানটি সারাদেশ থেকে ২০২১ সালে মাত্র ৩০ জন মেধাবী শিক্ষার্থীর ভবিষ্যত গড়ার দায়িত্ব নিতে চায়। যারা দেশের সর্বোচ্চ মানের শিক্ষা লাভ করার পাশাপাশি অন্যান্য সহ-শিক্ষা কার্যক্রমেও নিজেকে দক্ষ ও যোগ্য হিসেবে গড়ে তুলে ভবিষ্যতে তার নিজ সমাজের ইতিবাচক পরিবর্তনে ভূমিকা রাখবে। এ বিবেচনায় **ক্রিয়েটিং চ্যাম্পিয়ন্স** প্রকল্পে আপনার সন্তানকে দেয়ার জন্য অনুরোধ করছি।

আমাদের প্রকল্পে শিক্ষার্থী হিসেবে চান্স পাওয়ার মানদন্ডসমূহ:

- শিক্ষার্থী ২০২১ সালে সপ্তম শ্রেণীতে পড়বে।
- বর্তমানে সপ্তম শ্রেণীতে পড়ছে কিন্তু আরো এক বছর সে একই ক্লাসে পড়তে চায়, এমন শিক্ষার্থীও চলবে।
- শিক্ষার্থীর পঞ্চম শ্রেণীর (পিএসসি) ফলাফল ভালো (ন্যুনতম জিপিএ ৪.৫০) হতে হবে।
- মাদ্রাসা থেকে পাশ করা কোন শিক্ষার্থীও যদি এখন থেকে স্কুলে পড়তে চায়, তাকেও বিবেচনা করা হবে।
- শিক্ষার্থীর পরিবার অর্থনৈতিকভাবে অস্বচ্ছল বা সন্তানের যথাযথ শিক্ষা ব্যয় করতে অক্ষম।
- অভিভাবকহীন বা ইয়তিম শিক্ষার্থীরা অগ্রাধিকার পাবে।
- শিক্ষার্থী শারিরীক ও মানসিক সুস্থ্য হতে হবে।

আমরা শিক্ষার্থীদের জন্য যে যে সুবিধাসমূহ নিশ্চিত করবো:

- ঢাকা শহরের উত্তরা এলাকার সুনামধন্য স্কুলে নিয়মিত ক্লাস
- ক্লাস শেষে সার্বক্ষনিক আমাদের আবাসিক হোমে থাকার সুবিধা
- পরিস্কার-পরিচ্ছন্নতাসহ মেধা বিকাশের আদর্শ পরিবেশ
- স্কুলের ক্লাসের বাইরে বিশেষজ্ঞ শিক্ষক দিয়ে আমাদের শিক্ষার্থীদের নিবিড় পরিচর্যা
- আধুনিক ও নৈতিক মূল্যবোধ সম্পন্ন শিক্ষার সমন্বয়
- খেলা-ধুলা, বিনোদন ও সহশিক্ষা কার্যক্রমে অংশগ্রহণ
- গনিত, বিজ্ঞান ও বিভিন্ন ভাষাগত দক্ষতা
- বিদেশী ও দেশি বিভিন্ন স্বনামধন্য প্রতিষ্ঠানের সাথে ব্যবহারিক ও ভার্চুয়াল মত বিনিময়ের মাধ্যমে শিক্ষার্থীর চিন্তার প্রশস্তকরণ
- পুষ্টিকর ও স্বাস্থ্যসম্মত খাবারের নিশ্চয়তা
- নিয়মিত মেডিকেল চেকআপ
- শিক্ষার্থীর শিক্ষা সংক্রান্ত সকল ধরনের ব্যয় বহন
- শিক্ষার্থীর সার্বক্ষনিক নিরাপত্তা ব্যবস্থা

এর পাশাপাশি শিক্ষার্থীর পরিবারের সার্বিক অবস্থা বিবেচনা করে পরিবারের সদস্যদের মানসম্মত জীবন যাপনের জন্য প্রয়োজনীয় পরামর্শ, প্রশিক্ষণ ও সহযোগিতার বিষয়টি নিশ্চিত করার চেষ্টাও প্রজেক্ট ফর হিউম্যানিটি করবে। আমরা আমাদের নিজেদের ভাই বা সন্তানের মত করে আপনার সন্তান ও পরিবারের ভবিষ্যত নিয়ে আমরা পরিকল্পনা করছি। আপনার সন্তানকে আগামী দিনে দেশের একজন যোগ্য ও দক্ষতাসম্পন্ন নাগরিক হিসেবে গড়ে তোলার মাধ্যমে একটি স্বনির্ভর ও শিক্ষিত বাংলাদেশ গড়ে তুলবো।

নিবেদক,

---------

**ফরম নং/**

## আবেদন পত্র

| ১. শিক্ষার্থীর ব্যক্তিগত তথ্য | | | | | |
|---|---|---|---|---|---|
| শিক্ষার্থীর নাম | | পিএসসি (জিপিএ) | | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | |
| পিতার নাম | | পিতার বর্তমান পেশা | | শিক্ষা প্রতিষ্ঠানের ঠিকানা | |
| মায়ের নাম | | মায়ের বর্তমান পেশা | | শিক্ষা বোর্ড | |
| যে কারো মোবাইল নম্বর | | ধর্ম | | এনআইডি নম্বর | |
| **২. বর্তমান ঠিকানা** | | | | | |
| বাসা/ হোল্ডিং নং | | ওয়ার্ড | | উপজেলা/ থানা | |
| গ্রাম/ পাড়া/ রোড | | ইউনিয়ন/ এলাকা | | জেলা | |
| **৩. স্থায়ী ঠিকানা** | | | | | |
| বাসা/ হোল্ডিং নং | | ওয়ার্ড | | উপজেলা/ থানা | |
| গ্রাম/ পাড়া/ রোড | | ইউনিয়ন/ এলাকা | | জেলা | |

| **৪. পরিবারের সদস্যদের বিস্তারিত তথ্য** (বয়সে বড় থেকে ছোট ক্রমানুসারে) | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রম. | সদস্যের নাম | সম্পর্ক | বয়স | শিক্ষা | পেশা | বৈবাহিক অবস্থা | বিশেষ দক্ষতা[১] | বর্তমান অবস্থান[২] | মন্তব্য[৩] |
| ৩.১ | | | | | | | | | |
| ৩.২ | | | | | | | | | |
| ৩.৩ | | | | | | | | | |
| ৩.৪ | | | | | | | | | |
| ৩.৫ | | | | | | | | | |
| ৩.৬ | | | | | | | | | |
| ৩.৭ | | | | | | | | | |
| ৩.৮ | | | | | | | | | |
| ৩.৯ | | | | | | | | | |
| ৩.১০ | | | | | | | | | |
| **পরিবারের মাসিক আয়** | | | | | = | | **পরিবারের মাসিক ব্যয়** | | = |

[১] ব্যক্তি যেসকল কাজে বিশেষ দক্ষ। যেমন: ভালো ফুটবলার/ ব্যাটসম্যান/ গান গাইতে পারে/ বাঁশ দিয়ে অনেক উপকরণ তৈরি করতে পারে/ কাপড় সেলাই করতে পারে। অর্থাৎ বিশেষ প্রতিভা বা দক্ষতা

[২] ব্যক্তি বর্তমানে কোথায় অবস্থান করছেন/ কর্মস্থল কোথায়?

[৩] যদি কোন অতিরিক্ত তথ্য সংযুক্ত করতে চান। যেমন: বিশেষ কোন শারীরিক সমস্যা/ অসুস্থতা বা অন্য কিছু।

| ৫. **পরিবারের স্থাবর-অস্থাবর সম্পত্তি** (পরিমান উল্লেখ করুন। প্রযোজ্য না হলে '×' চিহ্ন দিন) | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| নিজ জমি | | পতিত জমি | | আবাদী জমি | | বর্গা জমি | |
| গরু | | ছাগল | | হাস-মুরগী | | নলকূপ | |
| পাকা ঘর | | আধা-পাকা ঘর | | টিনের ঘর | | মাটির ঘর | |
| ফ্রিজ | | টিভি | | ভ্যান | | সেচ যন্ত্র | |
| গরুর গাড়ি | | পাওয়ার টিলার | | টয়লেটের ধরন | | বাগান | |
| পুকুর | | রিক্সা | | ঠেলা গাড়ি | | সেলাই মেশিন | |

**৬. পরিবারের ঋণ**

| ঋণ খাত | গৃহিত ঋণ | পরিশোধিত | অপরিশোধিত | ঋণ খাত | গৃহিত ঋণ | পরিশোধিত | অপরিশোধিত |
|---|---|---|---|---|---|---|---|
| ব্যাংক | | | | সমবায় | | | |
| এনজিও | | | | ব্যক্তিগত | | | |

***এনআইডি/ জন্ম নিবন্ধন/ নাগরিক সনদপত্রের সংযুক্তি**

*** পিএসসি পরীক্ষার নম্বরপত্র সংযুক্তি**

***শিক্ষার্থীর একক ছবি সংযুক্তি**

*** শিক্ষার্থীর অভিভাবকদের সাথে যৌথ ছবি সংযুক্তি**

**তথ্য গ্রহণকারীর নাম, স্বাক্ষর, তারিখ ও মোবাইল নম্বর**